ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ময়-৬১/২০১৮/১৫৪১৮ তারিখ : ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

সিদ্দিকিয়া এতিমখানা দারুল হাবিব ফাজিল মাদরাসা, ডাকঘর : সিদ্দিকিয়া এতিমখানা, উপজেলা : ফুলবাড়ীয়া, জেলা : ময়মনসিংহ-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৫-০১-২০২৬ খ্রি. দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত ৩য় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০৪.০৫.২০২৫ খ্রি. থেকে ০৩.০৫.২০২৯ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১. মাদ্রাসার ঝুঁকিপূর্ণ ভবনটি অতি দ্রুত ভেঙ্গে নতুন একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
২. শ্রেণিকক্ষ, গ্রন্থাগার এবং অন্যান্য কক্ষসমূহের নাম বাংলা, আরবি এবং ইংরেজিতে লিখতে হবে।
৩. শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতি নিশ্চিত করতে অভিভাবকদের সচেতন করার জন্য নিয়মিত অভিভাবক সমাবেশ করতে হবে।
৪. শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য সকল শিক্ষকের বিষয়ভিত্তিক যুগোপযোগী প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৫. উপাধ্যক্ষের জন্য আলাদা কক্ষ, পুরুষ এবং মহিলা শিক্ষকদের জন্য আলাদা পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৬. ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৭. ছাত্রীদের জন্য নামাজের ব্যবস্থাসহ মানসম্মত কমনরুমের ব্যবস্থা করতে হবে।
৮. ইবতেদায়ি স্তরে প্রশিক্ষণপ্রাপ্ত নূরানী শিক্ষক দ্বারা পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হবে।
৯. মাদ্রাসার প্রবেশপথে প্রধান ফটকে বাংলা এবং আরবিতে মাদ্রাসার নাম ও "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৮/০১/২০২৬
(মোঃ গিয়াস উদ্দীন)
পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ
সিদ্দিকিয়া এতিমখানা দারুল হাবিব ফাজিল মাদরাসা
ডাকঘর : সিদ্দিকিয়া এতিমখানা, উপজেলা : ফুলবাড়ীয়া, জেলা : ময়মনসিংহ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ময়-৬১/২০১৮/১৫৪১৮ তারিখ : ১৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড ভবন, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা।(ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, সিদ্দিকিয়া এতিমখানা দারুল হাবিব ফাজিল মাদরাসা, ডাকঘর : সিদ্দিকিয়া এতিমখানা, উপজেলা : ফুলবাড়ীয়া, জেলা : ময়মনসিংহ।
৭। অফিস নথি।

২৮.০১.২০২৬
(শিরিনা আক্তার)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৯১১-৬৮৮৬৯৬